



অধ্যাপক আবু সুফিয়ানের 'স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস' বইয়ের মোড়ক উন্মোচন। ছবি : কালের কণ্ঠ

## ইউআইইউর অধ্যাপক সুফিয়ানের বইয়ের মোড়ক উন্মোচন

নিজস্ব প্রতিবেদক ▷

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) অধ্যাপক আবু সুফিয়ান রচিত 'স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে। গতকাল শনিবার ইউআইইউ মিলনায়তনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক কাজী শহীদুল্লাহ প্রধান অতিথি হিসেবে বইটির মোড়ক উন্মোচন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআইইউর উপাচার্য সৌধুরী মোফিজুর রহমান। অন্যদের মধ্যে ইউআইইউর উপ-উপাচার্য হাসনান আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।

কাজী শহীদুল্লাহ বলেন, দেশের বেশির ভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো মানসম্মত নয়। সে ক্ষেত্রে ইউআইইউ সবুজ ক্যাম্পাস তৈরি করে বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে।

জানা যায়, বইটি লেখার মূল উদ্দেশ্য হলো শিক্ষার্থী ও গবেষকদের দৈব প্রক্রিয়া সম্পর্কে গভীর জ্ঞান ও তা বিশ্লেষণে সহায়তা করা।